# বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন
# BANGLADESH SHIPPING AGENTS' ASSOCIATION


বিএসএএ/১৪৪/২০২৩/১১ তারিখঃ ১৯-০১-২০২৩

কমিশনার
চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
চট্টগ্রাম।

বিষয়ঃ **অত্র এসোসিয়েশনের সম্মানিত সদস্য UNIOCEAN Shipping Lines Ltd. এর অফিসে দুর্বৃত্তদের হুমকি, ভয়-ভীতি প্রদর্শন ও অশোভন আচরণ প্রসঙ্গে।**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন (বিএসএএ) আন্তর্জাতিক শিপিং ব্যবসার প্রতিনিধিদের একটি গুরুত্বপূর্ণ সংগঠন। বিএসএএ এর সম্মানিত সদস্যগণ সরকারের ও দেশের ক্রান্তিকালে বৈদেশিক মুদ্রা অর্জনে এবং অর্থনৈতিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে। UNIOCEAN Shipping Lines Ltd. আন্তর্জাতিক শিপিং ব্যবসার সাথে জড়িত এবং বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশনের একজন সম্মানিত সদস্য। উক্ত প্রতিষ্ঠানের সংযুক্ত ই-মেইল, বিভিন্ন পত্র-পত্রিকা, ইলেকট্রনিক মিডিয়া এবং উক্ত প্রতিষ্ঠানে সিসি-টিভি ক্যামেরার ভিডিও ফুটেজ এবং উক্ত শিপিং এজেন্ট কর্তৃক ডবলমুড়িং থানায় ১৭-০১-২০২৩ তারিখে করা সাধারণ ডায়েরী এর মাধ্যমে জানা যায় যে, গত ১৭-০১-২০২৩ তারিখে দুপুর ১.৩০ ঘটিকায় একদল দুর্বৃত্ত UNIOCEAN Shipping Lines Ltd. এর অফিসে প্রবেশ করে প্রকাশ্যে বিভিন্ন অশোভন আচরন ও হুমকি প্রদান করেন যা কোনোভাবেই কাম্য নয় এবং যেহেতু শিপিং এজেন্ট আন্তর্জাতিক শিপিং ব্যবসার সাথে জড়িত, তাই এ জাতীয় ঘটনা বিদেশি জাহাজ মালিক/Charterer/শিপিং কোম্পানী ও অন্যান্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের কাছে দেশের ভাবমূর্তি ক্ষুন্ন করবে বলে অত্র এসোসিয়েশন মনে করে।

অত্র এসোসিয়েশনের সম্মানিত সদস্য শিপিং এজেন্টগণ আন্তর্জাতিক নৌ-বাণিজ্যের নিয়ন্ত্রক কর্তৃপক্ষ তথা IMO (International Maritime Organization) কর্তৃক বিশ্বব্যাপী নৌ-বাণিজ্য পরিচালনার ক্ষেত্রে সময়োপযোগী বিভিন্ন ধরনের নির্দেশনা/বিধি-নিষেধ এবং আমদানি ও রপ্তানি সংশ্লিষ্ট দেশি-বিদেশি আইন কানুন ও নীতি অনুসরণ করে ব্যবসা বাণিজ্য পরিচালনা করে থাকেন। তাছাড়া আন্তর্জাতিক নৌ-বাণিজ্যে নিরাপত্তা বিধান নিশ্চিত করার লক্ষ্যে U.S. Coast Guard বিশ্বব্যাপী সমুদ্রবন্দর সমুহের অনুসরন ও বাস্তবায়নের জন্য ০১, জুলাই, ২০০৪ তারিখ ISPS (International Ships and Port Facility Secuirity) Code কার্যকর করে যা যুগোপযোগী করার লক্ষ্যে বিভিন্ন সময় পরিবর্তন করা হয় এবং নিয়ন্ত্রক সংস্থা সারাবিশ্বের সমুদ্রবন্দরে উক্ত Code বাস্তবায়ন তদারকি করে থাকে। এছাড়া যেকোনো জাহাজ (বৈদেশিক/দেশীয়) বাংলাদেশ সমুদ্র সীমানায় প্রবেশ করার পর থেকে জাহাজের সকল দায়িত্ব স্থানীয় শিপিং এজেন্টের উপর থাকে।

দীর্ঘদিনযাবত বিদেশি/দেশি জাহাজের Principal এর চাহিদা মোতাবেক জেটিতে এবং Outer Anchorage এ দেশের প্রচলিত আইন-কানুন মেনে প্রিন্সিপালদের Nominated ভেন্ডর (Ship Chandler)-এর মাধ্যমে তাদের চাহিদা পূরণ করে থাকে (জাহাজে বাজার supply, spare parts, accessories, garbage/dunnage disposal, painting, repairing, bunkering ইত্যাদি)। Ship Owner/Charterer এবং অন্যান্য সংশ্লিষ্ট বিদেশি Principal এর মনোনীত/অনুমতি ছাড়া শিপিং এজেন্ট ভেন্ডর (Ship Chandler) এর কাজের জন্য কাউকে ছাড়পত্র/NOC দিতে পারে না এবং দেশের প্রচলিত আইন অনুযায়ী কাস্টমস বোর্ডিং অফিসারের অনুমতি ছাড়া জাহাজে কারও উঠার অনুমতি থাকে না। তাই স্থানীয় শিপিং এজেন্ট চাইলেই Principal এর মনোনীত/অনুমতি ব্যতিরেকে ভেন্ডর (Ship Chandler)-কে উক্ত কার্যাদি সম্পাদন করার অনাপত্তি (No Objection) পত্র প্রদান করতে পারে না। কারণ, Principal এর মনোনীত/অনুমতি ছাড়া ভেন্ডর (Ship Chandler)-কে কাজের No Objection পত্র দিলে জাহাজের যেকোনো সমস্যার জন্য বিদেশি Principal সংশ্লিষ্ট শিপিং এজেন্টকে সম্পূর্ণভাবে দায়ী করে।


Makkah Madinah Trade Centre (2nd Floor)
78, Agrabad C/A, Chattogram-4100, Bangladesh

+88-02333323393, 02333315509
bsaa@bbts.net

অত্র এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের মাধ্যমে জানা যায়, বেশ কিছুদিন ধরে দেশের সম্মানিত কিছু ব্যক্তিবর্গের নাম ব্যবহার করে কিছু ব্যক্তি অত্র এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের অফিসে জোরপূর্বক ভয়-ভীতি প্রদর্শন করে বিদেশি জাহাজের কার্যসম্পাদনের জন্য ভেন্ডর (Ship Chandler) অনাপত্তি (No Objection) পত্র নিতে চায়, অনেক ক্ষেত্রে তাদের বৈধ লাইসেন্সও থাকে না। যা কোনোভাবেই কাম্য নহে এবং যার দ্বারা বিদেশে দেশের ভাবমূর্তিকে ক্ষুণ্ন করবে। যাদের কোন বৈধ কাগজপত্র থাকে না, সেক্ষেত্রে জাহাজে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটলে তাদেরকে দায়বদ্ধ করা যায় না। এক্ষেত্রে শিপিং এজেন্ট অনাপত্তি (No Objection) পত্র দেয় বিধায় সকল দায়ভার তাদের উপর বর্তায়।

এমতাবস্থায়, দেশের অর্থনীতি ও উন্নয়নের ধারাবাহিকতা এবং আন্তর্জাতিক নৌ-বাণিজ্য তথা আমদানি-রপ্তানি বাণিজ্য সার্বক্ষণিকভাবে সচল রাখার বৃহত্তর স্বার্থে সার্বিকভাবে ব্যবসায়িক পরিবেশ বজায় রাখার লক্ষ্যে উপরোক্ত ঘটনার দ্রুত ও সঠিক তদন্ত হওয়া প্রয়োজন এবং অদূর ভবিষ্যতে শিপিং ব্যবসায়ীরা যেন এমন ন্যাক্কারজনক ঘটনার সম্মুখীন না হয় এবং আন্তর্জাতিক মহলে দেশের সুনাম ক্ষুণ্ন না হয় সে ব্যপারে সকলের সার্বিক সহযোগীতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে,

(সৈয়দ মোহাম্মদ আরিফ)
চেয়ারম্যান

সংযুক্তিঃ

১। চেয়ারম্যান, বিএসএএ বরাবরে UNIOCEAN Shipping Lines Ltd. এর ই-মেইল এর কপি। - (০১ পাতা)
২। উক্ত শিপিং এজেন্ট কর্তৃক ডবলমুড়িং থানায় ১৭-০১-২০২৩ তারিখে করা সাধারণ ডায়েরী এর কপি। - (০১ পাতা)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
৩। কমিশনার, চট্টগ্রাম কাস্টম হাউস
৪। সভাপতি, এফবিসিসিআই
৫। সভাপতি, দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
৬। সভাপতি, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডাবল মুড়িং মডেল থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন্দর থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পতেঙ্গা থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাহারতলী থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
১১। চেয়ারম্যান ও সিইও, UNIOCEAN Shipping Lines Ltd., আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
১২। সকল সদস্য এজেন্ট, বিএসএএ, চট্টগ্রাম।

Makkah Madinah Trade Centre (2nd Floor)
78, Agrabad C/A, Chattogram-4100, Bangladesh
+88-02333323393, 02333315509
bsaa@bbts.net

# বাংলাদেশ শিপিং এজেন্টস্ এসোসিয়েশন
# BANGLADESH SHIPPING AGENTS' ASSOCIATION

অত্র এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের মাধ্যমে জানা যায়, বেশ কিছুদিন ধরে দেশের সম্মানিত কিছু ব্যক্তিবর্গের নাম ব্যবহার করে কিছু ব্যক্তি অত্র এসোসিয়েশনের সম্মানিত সদস্যদের অফিসে জোরপূর্বক ভয়-ভীতি প্রদর্শন করে বিদেশি জাহাজের কার্যসম্পাদনের জন্য ভেন্ডর (Ship Chandler) অনাপত্তি (No Objection) পত্র নিতে চায়, অনেক ক্ষেত্রে তাদের বৈধ লাইসেন্সও থাকে না। যা কোনোভাবেই কাম্য নহে এবং যার দ্বারা বিদেশে দেশের ভাবমূর্তিকে ক্ষুণ্ণ করবে। যাদের কোন বৈধ কাগজপত্র থাকে না, সেক্ষেত্রে জাহাজে কোনো অপ্রীতিকর ঘটনা ঘটলে তাদেরকে দায়বদ্ধ করা যায় না। এক্ষেত্রে শিপিং এজেন্ট অনাপত্তি (No Objection) পত্র দেয় বিধায় সকল দায়ভার তাদের উপর বর্তায়।

এমতাবস্থায়, দেশের অর্থনীতি ও উন্নয়নের ধারাবাহিকতা এবং আন্তর্জাতিক নৌ-বাণিজ্য তথা আমদানি-রপ্তানি বাণিজ্য সার্বক্ষণিকভাবে সচল রাখার বৃহত্তর স্বার্থে সার্বিকভাবে ব্যবসায়িক পরিবেশ বজায় রাখার লক্ষ্যে উপরোক্ত ঘটনার দ্রুত ও সঠিক তদন্ত হওয়া প্রয়োজন এবং অদূর ভবিষ্যতে শিপিং ব্যবসায়ীরা যেন এমন ন্যাক্কারজনক ঘটনার সম্মুখীন না হয় এবং আন্তর্জাতিক মহলে দেশের সুনাম ক্ষুণ্ণ না হয় সে ব্যাপারে সকলের সার্বিক সহযোগীতা একান্তভাবে কাম্য।

ধন্যবাদান্তে

(সৈয়দ মোহাম্মদ আরিফ)
চেয়ারম্যান

সংযুক্তিঃ

১। চেয়ারম্যান, বিএসএএ বরাবরে UNIOCEAN Shipping Lines Ltd. এর ই-মেইল এর কপি। - (০১ পাতা)
২। উক্ত শিপিং এজেন্ট কর্তৃক ডবলমুড়িং থানায় ১৭-০১-২০২৩ তারিখে করা সাধারণ ডায়েরী এর কপি। - (০১ পাতা)

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে):

১। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
২। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ।
৩। কমিশনার, চট্টগ্রাম কাস্টম হাউস
৪। সভাপতি, এফবিসিসিআই
৫। সভাপতি, দি চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
৬। সভাপতি, চট্টগ্রাম মেট্রোপলিটন চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি
৭। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ডাবল মুড়িং মডেল থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন্দর থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, পতেঙ্গা থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
১০ ভারপ্রাপ্ত কর্মকর্তা, পাহারতলী থানা, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ
১১। চেয়ারম্যান ও সিইও, UNIOCEAN Shipping Lines Ltd., আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
১২। সকল সদস্য এজেন্ট, বিএসএএ, চট্টগ্রাম।

ডিউটি অফিসার
বন্দর থানা
সি.এম.পি, চট্টগ্রাম।

Received.

Makkah Madinah Trade Centre (2nd Floor)
78, Agrabad C/A, Chattogram-4100, Bangladesh
+88-02333323393, 02333315509
bsaa@bbts.net

অনুলিপি-১

**BSAA**

**From:** Anjan Mozumder <anjan.mozumder@unioceanbd.com>
**Sent:** Wednesday, January 18, 2023 12:11 PM
**To:** bsaa@bbts.net
**Cc:** tricom_ctg@bbts.net; info@fmsbd.com; zaman@sns-bd.com; info@famfabd.com; motiur@famfabd.com; akbar.7seas@gmail.com; azad@sqsabd.com; allseas@sns-bd.com; jar@jarship.com; siddique@bsgroupbd.com; nazmulhasan.eitc@gmail.com; operations@primeoceantrade.com; info@regensea.com; anis@karnaphuli.com; anis@regensea.com; mashhoor@karnaphuli.com; mmove@multimovebd.com; mhoque@multimovebd.com; operation@rnshipping.com; info@skshippingbd.com; mutualshippingltd@yahoo.com; haque@msclbd.com; ANJAN.MOZUMDER@unioceanbd.com; operation@unioceanbd.com; info.crystalnavigation@gmail.com; zebrashippingbd@gmail.com; dalayer.ship@yahoo.com; ayubnaser@gmail.com; info@naafmarine.com; ops@coscolbd.com
**Subject:** Re : GD filed with Double mooring police station against miscreant & D Company Ehsan
**Attachments:** PHOTO-2023-01-17-16-30-37.jpg; Untitled attachment 00044.txt

Dear honorable Chairman of BSAA

With regret to inform you that on 17th Jan a group of miscreant led by Ehsan ex VP Govt Commerce College entered our office & searched for the Chairman & MD illegally, however thrown slang language with abusive attacking attitudes purposely when our AGM Mr Abdus Sattar refused issue Vender letter. This connection a GD being filed with Double mooring police station attached herewith for your perusal. Several National & local news papers, on line news portal as well TV Channel I & DBC has aired & published this news already.

Grateful pls circulate this news of incident among top Business fellows to be alert but not limited to all chambers & FBCCI as well as highest law enforcement authority including port, customs authority etc for taking proactive action at their end so that none of other miscreants & D company dare to attack our member agents in future & can do their business peacefully.

Regards
Anjan MOZUMDER
Co-founder & CEO
UNIOCEAN Shipping Lines Ltd
ASIABULK Maritime PVT Ltd
Mobile +8801713112412

--
This message has been scanned for viruses and dangerous content by BBTS-IN-EmailScanner, and is believed to be clean.

সংযুক্তি-২

জিডি ট্র্যাকিং নং: FJTT36
জিডি নং: ১০৭৭
তারিখ: ১৭/০১/২০২৩

বরাবর,
অফিসার ইনচার্জ
ডবলমুরিং থানা
সিএমপি, চট্টগ্রাম।

বিষয় : সাধারণ ডায়েরী করার আবেদন প্রসঙ্গে।

জনাব,
আমি নিম্নস্বাক্ষরকারী মোঃ আবদুস ছাত্তার (৪৫), পিতা: আলী আকবর, মাতা : আছমাতুন নেছা, জাতীয় পরিচয় পত্র নং : ৩২৬২৮৯০৭৮৭ , ঠিকানা(বর্তমান)-৩১৭, রোড নং ১৬, খোরশেদের বাড়ি, গ্রাম - সিডিএ আ/ এ, ইউনিয়ন/ওয়ার্ড- ২৭ নং- দক্ষিণ আগ্রাবাদ ওয়ার্ড (আংশিক), থানা - ডবলমুরিং, জেলা - চট্টগ্রাম মোবাইল নং - ০১৭০১২২৫৪২৬।

এই মর্মে জানাইতেছি যে, আমি UNIOCEAN SHIPPING LINES LTD এর ডিজিএম। গত ২/১/২৩ ইং তারিখে সকাল ১১.১৫ ঘটিকার সময় বিবাদী ১৷ এহসান আহমেদ (৩০), পিতা- অজ্ঞাত, সাং- অজ্ঞাত, মোবাইল নাম্বার- 01616161656 আমাদের অফিস UNIOCEAN SHIPPING LINES LTD এ এসে আমাদের চেয়ারম্যান মোঃ আজিজুর রহমান ও এমডি অঞ্জন মজুমদারকে খুজেন। আমার অফিসের চেয়ারম্যান স্যার ও এমডি স্যার ২ জনেই অফিসে না থাকায় বিবাদী তাহাকে ভেনডোর চিঠি টি দিতে বলেন। যেহেতু চেয়ারম্যান স্যার ও এমডি স্যার অফিসে ছিলেন না সেহেতু আমি বিবাদীকে স্যারদের সাথে কথা বলে চিঠি নেয়ার কথা বলি। তার কিছুদিন পর অর্থাৎ গত ১৬/১/২৩ ইং তারিখে সন্ধ্যা ৭.০০ ঘটিকার সময় উক্ত বিবাদী আমাকে 01616161656 হতে কল করে আমাদের চেয়ারম্যান ও এমডি সাহেবকে দেখে নিবেন বলে হুমকি দেন। আমি বিবাদীকে বুঝাতে গেলে উক্ত বিবাদী আমাকেও অকথ্য ভাষায় গালিগালাজ সহ হুমকি প্রদান করে। পরবর্তী অদ্য ১৭/১/২৩ ইং তারিখে দুপুর ১৩.৩০ ঘটিকার সময় উক্ত বিবাদী আরো কিছু লোকজন নিয়ে আমাদের অফিসে এসে আমাদের চেয়ারম্যান স্যার ও এমডি স্যারকে খুজে না পেয়ে তাদেরকে দেখে নিবে মর্মে পুনরায় প্রকাশ্যে হুমকী দেয়। সাক্ষীরা অনেকে ঘটনা জানে ও শোনে। বিধায় উক্ত বিবাদীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন সহ ভবিষ্যৎ নিরাপত্তার জন্য সাধারন ডাইরী করা একান্ত প্রয়োজন।

এমতাবস্থায়, উপরোক্ত বিষয়টি ভবিষ্যতের জন্য সাধারন ডাইরীভুক্ত করিয়া রাখা একান্ত প্রয়োজন।

অতএব, উপরোক্ত বিষয়টি আপনার থানায় সাধারন ডাইরীভুক্ত করিতে জনাবের মর্জি হয়।

তারিখ : ১৭/০১/২০২৩

বিনীত

মোঃ আবদুস ছাত্তার
মোবাইল- ০১৭০১২২৫৪২৬

শাহনাজ আক্তার
বিপি-৯১১৯২২৩৬৮২
(ডিউটি অফিসার)

প্রস্তুতকারীর নাম ও স্বাক্ষর

এসআই (নিরস্ত্র) মোহাম্মদ মাহবুব রব্বানী অপু
বিপি-৯১১৭২০০০৩৩
মোবাইল নং-০১৯১২৬৩১৫৮৯
এই ডায়েরী সংক্রান্তে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করুন।

শাহনাজ আক্তার
বিপি-৯১১৯২২৩৬৮২
ডিউটি অফিসার
ডবলমুরিং থানা
সিএমপি, চট্টগ্রাম।